গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর, ডাক ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০
প্রশাসন শাখা
www.bdpost.gov.bd

**নম্বর:** ১৪.৩১.০০০০.০০০.০৩১.১৮.০০০৪.২৪.৩৮২

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (সংশোধন ২০২৬) অনুযায়ী পাবলিক প্লেসে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ। ধূমপান ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর প্রভাব থেকে কর্মকর্তা-কর্মচারী ও আগত সেবাগ্রহীতাদের সুরক্ষা প্রদান এবং স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে আগারগাঁওস্থ ডাক ভবনসহ ডাক অধিদপ্তরের আওতাধীন সব কার্যালয় ও ডাকঘরকে **"শতভাগ ধূমপান ও তামাকজাত দ্রব্যমুক্ত এলাকা"** হিসেবে ঘোষণা করা হলো।

২। এই নির্দেশনার ফলে আজ থেকে নিম্নলিখিত বিষয়গুলো কঠোরভাবে কার্যকর হবে:

(ক) আগারগাঁওস্থ ডাক ভবনসহ ডাক অধিদপ্তরের আওতাধীন সব কার্যালয় ও ডাকঘরের অভ্যন্তরে ও প্রাঙ্গনে সব ধরণের তামাকজাত দ্রব্য (সিগারেট, বিড়ি, ই-সিগারেট, ভ্যাপ ইত্যাদি) সেবন ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।


(খ) অফিসের ভেতরে বা প্রাঙ্গনে যদি আগে কোনো ধূমপানের নির্দিষ্ট স্থান (Smoking Zone) বা অ্যাশট্রে থাকে, তা অবিলম্বে অপসারণ করতে হবে।

(গ) দর্শনার্থী বা সেবাগ্রহীতারাও এই নির্দেশিকা মানতে বাধ্য থাকবেন।

(ঘ) অফিসের দৃশ্যমান ও উন্মুক্ত স্থানে **"ধূমপান ও তামাকমুক্ত এলাকা-এখানে ধূমপান নিষেধ"** সংবলিত সাইনবোর্ড বা সাইনেজ প্রদর্শন করতে হবে।

(ঙ) নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত আইন ও প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



১০-০৮-২০২৬
আব্দুল মালেক
পরিচালক (কর্মী ও সংস্থাপন) (চলতি দায়িত্ব)
ফোন : ০২-৫৮১৬০৭০৬
ইমেইল : dirsne@bdpost.gov.bd

নম্বর: ১৪.৩১.০০০০.০০০.০৩১.১৮.০০০৪.২৪.৩৮২/১ (১৭)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা/কেন্দ্রীয় সার্কেল, ঢাকা/পূর্বাঞ্চল, চট্রগ্রাম/উত্তরাঞ্চল, রাজশাহী/দক্ষিণাঞ্চল, খুলনা।
৩। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা/রংপুর।
৪। অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব ), অধ্যক্ষ এর দপ্তর, পোস্টাল একাডেমী, রাজশাহী।
৫। সকল পরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্প, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। প্রেস ম্যানেজার (অতিরিক্ত দায়িত্ব ), প্রেস ম্যানেজার এর কার্যালয়, পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর।
৯। সকল ডেপুটি পোস্টমাস্টার জেনারেল/সমমান (গ্রেড-৬), সংযুক্ত: ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১। সকল উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২। ডিপিএমজি (সংযুক্ত), সহকারী পরিচালক, আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ কার্যালয়, ঢাকা।
১৩। সকল শাখা কর্মকর্তা, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪। সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস), সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়, ঢাকা।
১৫। পিএস টু মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। সকল কর্মচারী, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৭। নোটিশ বোর্ড, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১০-০৮-২০২৬
নাঈমুর রহমান
ডিপিএমজি, সংযুক্ত (প্রশাসন শাখা) (অতিরিক্ত দায়িত্ব)